# প্রদীপের বন্ধুরা



প্রদীপের পড়ার ঘর । ঘরের দেওয়ালে ভারতের মানচিত্র । মানচিত্রের দিকে তাকাতেই প্রদীপের চোখে ভেসে ওঠে একটি উৎসবের ছবি ।

সেবার কলকাতায় শিশু উৎসব হয়ে গেল । নানা জায়গা থেকে ছেলেমেয়েরা এসেছিল । দিল্লি, কাশ্মীর, রাজস্থান, আসাম, মুম্বাই, কেরল প্রভৃতি এক একটি রাজ্যের এক একটি দল । উৎসব প্রাঙ্গণে বিরাট এক মঞ্চ। মঞ্চের পেছনে ভারতের বিশাল এক মানচিত্র । তাতে আঁকা ছিল যত রাজ্যের ছেলেমেয়েদের ছবি ।

পর্দা উঠলে দেখা গেল তাদের । পরনে নিজেদের অঞ্চলের পোশাক । তারা নাচল, গাইল, আবৃত্তি করল, অভিনয় করল । আনন্দে ভরে উঠল সকলের মন ।

পশ্চিমবঙ্গের শিশুদের দলে ছিল প্রদীপ । ধুতি পাঞ্জাবিতে ছোট্ট প্রদীপকে ভারি সুন্দর দেখাচ্ছিল। উৎসবে কত জনের সঙ্গে বন্ধুত্ব হল তার । তার একটি ছোটো খাতা আছে । নানা রাজ্যের বন্ধুরা তাদের নাম আর ঠিকানা লিখে দিয়েছে পাতায় পাতায় । প্রদীপ খাতাটি খুলল । খাতা খুলতেই তার মনে পড়ে গেল বন্ধুদের কথা ।

প্রথম পাতাতেই প্রেমনাথের নাম । ওদের বাড়ি দিল্লি । প্রেমনাথ বলেছিল —ছুটিতে চলে এসো আমাদের বাড়ি । বাবার সঙ্গে আমি তোমাকে দিল্লি ঘুরিয়ে দেখাবো । সকালে উঠে চাপাটি খেয়ে বেরিয়ে পড়ব আমরা।

> **পড়ে কী বুঝলে ?**
> 1. শিশু উৎসব কোথায় হয়েছিল ?
> 2. উৎসব- মঞ্চের পেছনে কোথাকার মানচিত্র ছিল ?
> 3. ছেলেমেয়েরা কিরকম পোষাক পরেছিল ?
> 4. প্রদীপের খাতায় সবার আগে কার নাম লেখা ছিল ?

— চাপাটি ?

— তোমরা ভাত খাও । আমরা চাপাটি খাই ।

— দিল্লিতে অনেক কিছু দেখার আছে, না ?

অনেক কিছু । রাষ্ট্রপতি ভবন, পার্লামেন্ট হাউস, ইণ্ডিয়া গেট, যন্তর মন্তর, কুতুব মিনার । নতুন দিল্লির ছায়াভরা রাজপথ দেখলে তোমার চোখ জুড়িয়ে যাবে ।

— পুরনো দিল্লিও আছে নাকি ?

— নেই আবার ? বিখ্যাত লাল কেল্লা তো পুরনো দিল্লিতে ।

প্রদীপ বলেছিল — গরমের ছুটিতে যাব । বাবাকে বলব ।

প্রেমনাথ বলেছিল — গরমের ছুটিতে এসো না । তখন দিল্লিতে ভীষণ গরম । পূজোর ছুটিতে এসো ।

পরের পাতায় মমতাজের নাম ।

কাশ্মীরি দলের মমতাজ । নৌকা নাচে সে মাঝি হয়েছিল । কাশ্মীরে বাড়ি । তাদের অনেকগুলো ভেড়া আছে । ওর মা ভেড়ার লোম থেকে পশম তৈরি করেন । মমতাজ পড়াশোনার ফাঁকে ফাঁকে মার কাজে সাহায্য করে । ওর বাবা একটি হাউস বোট দেখা-শোনা করেন ।

হাউস বোট কথাটা প্রথম শুনলো প্রদীপ ।

মমতাজ বুঝিয়ে দিল । হাউস বোট মানে নৌকাবাড়ি । হ্রদের জলে ভেসে থাকে সুসজ্জিত নৌকা। নৌকাতেই রান্নাবান্না । নৌকাতেই থাকার জায়গা ।

— ভারি মজা তো !

— ভারি মজা । কাশ্মীরে অনেক পর্যটক বেড়াতে যায় । অনেকে দু'চারদিন নৌকাবাড়িতে কাটিয়ে দেয় ।

মমতাজ প্রদীপকে বলল — তুমি চলোনা কাশ্মীরে । দেখবে পাহাড়ের গায়ে গায়ে কত ফুল। কত গাছ সার বেঁধে দাঁড়িয়ে আছে । কাশ্মীরে অনেক ফলের চাষ হয় । সেখানে গেলে তুমি অনেক আপেল খেতে পাবে ।



মমতাজের ফর্সা টুকটুকে মুখের দিকে তাকিয়ে প্রদীপ বলেছিল — যাব ।

মনে পড়ে প্রতাপকে । রাজস্থানী দলের প্রতাপ ।

ভারি ছটফটে । মাথায় পাগড়ি বেঁধে মঞ্চে এসেছিল । যোধপুরের একটি

> **পড়ে কী বুঝলে ?**
> 1. প্রদীপ কোন্ প্রদেশে থাকতো ?
> 2. কাশ্মীর অঞ্চলে কে থাকতো ?
> 3. হাউস বোট কাকে বলে ?
> 4. যোধপুরে কোন্ মরুভূমি আছে ?

গ্রামে থাকে ওরা । ওদের বাড়িতে উট আছে । প্রতাপ উটে চড়েছে । উটের নাম শুনে প্রদীপের কৌতূহল হল ।

প্রতাপ বলেছিল — আমাদের যোধপুরের একটু দূরেই থর । থর মরুভূমি । ওখানে লোকেরা উটে চড়েই যাতায়াত করে । উট হল মরুভূমির জাহাজ । তুমি যোধপুরে এসো । তোমায় উটে চড়াবো।



একটি পাতায় রামনের নাম । রামন ছিল কেরলের দলে । ওর বাবার সমুদ্রে মাছ ধরার ব্যবসা।

— তুমি মাছ ধরতে পারো ?

— দু'একবার বাবার সঙ্গে নৌকায় করে গিয়েছি । সমুদ্রের ঢেউ দেখতে আমার খুব ভালো লাগে । রামন পেন্সিল দিয়ে এঁকে দিয়েছে তাদের বাড়ির ছবি । বাড়ির চারদিকে নারকেল গাছ । একটু দূরেই দেখা যাচ্ছে সমুদ্রের জল। বাড়ি থেকে দেখা যায় সমুদ্রে সূর্যোদয় আর সূর্যাস্ত । রামন বার বার করে প্রদীপকে তাদের বাড়িতে যেতে বলেছে ।

লীলারা থাকে অন্ধ্রে । ওদের ওখানে তুলোর চাষ হয় খুব । লীলাদের দল উৎসবে তুলো তোলার নাচ দেখালো । সবার পিঠে ছোট ছোট ঝুড়ি । নাচের মাঝে মাঝে মঞ্চে ছড়িয়ে দিচ্ছিল সাদা সাদা তুলো । নাচের শেষে প্রদীপ বলেছিল — তোমাদের নাচ চমৎকার হয়েছে, লীলা । নাচটা আমায় শিখিয়ে দেবে ? লীলা বলেছিল — হ্যাঁ দেবো । আগে তুমি আমাদের বাড়ি চলো ।

খাতার পাতায় আরেকটি নাম — মনসুর আলি । ওরা থাকে বিহারে । ঝরিয়া কয়লাখনিতে কাজ করে ওর বাবা । মনসুর ভাল বাঁশি বাজাতে পারে । ওদের দল একটি সাপুড়ে নৃত্য দেখিয়েছিল। মনসুর বাজিয়েছিল সাপুড়ে বাঁশি। যাবার সময় সে প্রদীপকে একটি সাপুড়ে বাঁশি দিয়ে গিয়েছে।

> **পড়ে কী বুঝলে ?**
> 1. তুলোর চাষ কোথায় হয় ?
> 2. ঝরিয়া কয়লাখনি কোথায় আছে ?
> 3. মনসুর কোথায় থাকতো ?
> 4. সে কোন্ বাজনা বাজিয়েছিল ?

জয়মঙ্গলকে মনে আছে প্রদীপের । আসামের দলের জয়মঙ্গল।



সবাই ডাকে জয় । আসামের একটি চা বাগানে ওদের বাড়ি । ও প্রদীপকে বলেছিল চা বাগানের কথা । পাহাড়ের গায়ে গায়ে সবুজ চা গাছ । ছবির মতো সুন্দর । জয়মঙ্গলরা নেচেছিল বিহু নাচ । বিহু ওদের বড়ো উৎসব। উৎসবের শেষ গানটি ছিল সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত । প্রায় দুশো

ছেলেমেয়ে একসঙ্গে গাইল ।

সেই দৃশ্য প্রদীপ কখনো ভুলবে না ।

যাবার সময় বন্ধুরা তাকে নানা জিনিস উপহার দিয়েছে । প্রদীপ দিয়েছে একটা করে বাঁকুড়ার পুতুল-ঘোড়া । ঘোড়ার গলায় বাঁধা এক টুকরো কাগজ ! তাতে লেখা আছে — বন্ধুকে দিলাম ।

**জানো ঃ**

(ক) ভারতবর্ষ বিরাট দেশ । নানান বৈচিত্র্যে ভরা । এক জায়গার লোকেদের সঙ্গে অন্য জায়গার লোকদের কিছু কিছু মিলও আছে তফাৎও আছে । এক প্রদেশের পোশাক ভাষা বা রীতিনীতির সঙ্গেও হয়ত অন্য প্রদেশের ঐ সবের মিল নেই । কেউ ধান বোনে, কেউ মাঠ থেকে তুলো আনে, কেউ খনি থেকে কয়লা ওঠায়, কেউ নদীতে নৌকাবাড়ি ভাড়া দেয়, কেউ নৌকা নিয়ে মাছ ধরে । অথচ এত তফাতের মধ্যেও একটা ভালবাসার বাঁধন আছে সকলের মধ্যে । কারণ সবাই মানুষ, তাই অন্য প্রদেশের লোককে সহজেই ভালোবাসা যায়, যেমন অল্প দিনের আলাপেই প্রদীপ ভালবেসে ফেলেছে তার দূরের বন্ধুদের ।

(খ) এখানে প্রদেশ অনুযায়ী কিছু জীবিকার অর্থাৎ কে কি কাজ করে, তা বলা হয়েছে ।

**জেনে রাখো ঃ**

**মানচিত্র** — দেশের বা জমির নক্‌শা

**পশম** — উল (ভেড়ার লোম থেকে তৈরি হয়)

**সাপুড়ে** — যে সাপ ধরে, সাপ খেলায় ।

**শিশু উৎসব** — শিশুদের উৎসব ।

**চাপাটি** — হাতের সাহায্যে গড়া রুটি ।

**সুসজ্জিত** — সুন্দরভাবে সাজানো ।

**বিহু নাচ** — আসাম প্রদেশের এক রকম নাচ।

**পর্যটক** — ভ্রমণকারী ।

**সূর্যোদয়** — সূর্য ওঠা ।

## পাঠবোধ ঃ

**সঠিক শব্দটি লেখো ঃ**

**1. ভারতের মানচিত্রে কাদের ছবি আঁকা ছিল ?**

(ক) জীবজন্তুর (খ) ছেলে মেয়েদের

(গ) গাছপালার (ঘ) নদী ও সমুদ্রের

**2. শিশু উৎসবে বিভিন্ন প্রদেশের ছেলেমেয়েরা কী করেছিল ?**

(ক) খেলা (খ) অভিনয়

(গ) বাঁশি বাজানো (ঘ) ঘোড়ায় চড়া

**3. ধুতি পাঞ্জাবি কে পরেছিল ?**

(ক) প্রেমনাথ (খ) প্রতাপ

(গ) রামন (ঘ) প্রদীপ

**4. কাশ্মীরে কিসের চাষ হয় ?**

(ক) ফুল (খ) কমলালেবু

(গ) আপেল (ঘ) আম

**5. জয়মঙ্গলরা কোন্ নাচ নেচেছিল ?**

(ক) কত্থক নাচ (খ) মণিপুরী নাচ

(গ) বিহু নাচ (ঘ) ওড়িশি নাচ

**উত্তর লেখো ঃ**

6. শিশু উৎসবে কোন্ কোন্ জায়গা থেকে ছেলেমেয়েরা এসেছিল ?
7. প্রদীপের খাতায় কী লেখা ছিল ?
8. দিল্লীতে কী কী দেখার জিনিস রয়েছে ?
9. মমতাজ কোন প্রদেশ থেকে এসেছিল ? নৌকা-নাচে সে কী হয়েছিল ?
10. হাউস বোট কাকে বলে ?
11. মমতাজের মা কী করতেন ?
12. প্রতাপ কোথায় থাকতো ? সে কীভাবে মঞ্চে এসেছিল ?
13. মরুভূমিতে উট কোন্ কাজে ব্যবহৃত হয় ?
14. রামনের বাবা কী করতেন ?

15. লীলা এবং তার দল কেমন ভাবে তুলো তোলার নাচ দেখিয়েছিল ?

16. মনসুর ও তার দল কী নাচ দেখিয়েছিল ?

17. মনসুরের বাবা কোথায় কাজ করতেন ?

18. জয়মঙ্গলের বাড়ি কোথায় ছিল ?

19. উৎসবের শেষে কী গান গাওয়া হয়েছিল ?

20. প্রদীপ তার বন্ধুদের কী উপহার দিয়েছিল ?

**21. কে কোন্ প্রদেশের ছেলেমেয়ে, তা তাদের নামের পাশে লেখো —**

প্রেমনাথ

লীলা

জয়মঙ্গল

প্রদীপ

রামন

মমতাজ

প্রতাপ

**22. নিচের শব্দগুলির মধ্যে শুদ্ধ শব্দটির পাশে (√) দাগ দাও ঃ**

আবৃতি / আবৃত্তি  পাঞ্জাবী / পাঞ্জাবি  কুতুব মিনার / কুতব মিনার

লালকেলা / লালকেল্লা  কৌতূহল / কৌতুহল  প্রাঙ্গন / প্রাঙ্গণ

**23. বাক্য রচনা করো ঃ**

মানচিত্র, উৎসব, হাউস-বোট, জাহাজ, সমুদ্র, মরুভূমি।

**24. নিচের শব্দগুলির মধ্যে কোন্‌টি একবচন আর কোন্‌টি বহুবচন, তা লেখো ঃ**

ছেলেমেয়েরা, সকলে, ভেড়া, পর্যটক, ওদের, পাগড়ি।

**25. বিপরীত শব্দ লেখো ঃ**

সূর্যোদয়, আনন্দ, সুন্দর, জল, বন্ধু, বড়ো।

**করতে পারো ঃ**

ছাত্র ছাত্রীরা মিলে শিশু উৎসবের আয়োজন করতে পারো। সকলে সেখানে নাচ - গান আবৃত্তি অভিনয় প্রভৃতিতে অংশ গ্রহণ করতে পারো। এর ফলে পরস্পরের মধ্যে বন্ধুত্ব আরও গভীর হবে।

এই পাঠের বিষয়বস্তুকে প্রশ্নোত্তর বা ক্যুইজের মাধ্যমে প্রকাশ করতে পারো।